স্বামী বিবেকানন্দের বাসভবনের সামনে বিশ্ব ভ্রাতৃত্ব শোভাযাত্রার পুরোভাগে ব্রহ্মচারী মুরাল ভাই। *ছবি- সুবল সাহা।*

সুডোকু মেলাও — বুদ্ধি বাড়াও

3				6			1	
4	2		5					
		7	3			8		
	1	5						
	3		9		2		5	
						6	2	
		8			5	1		
					3		9	6
	6			7				4

গতকালের সমাধান

2	8	5	7	3	6	1	4	9
3	4	7	9	1	5	6	2	8
9	1	6	8	2	4	5	7	3
8	9	4	2	7	1	3	6	5
7	5	1	6	8	3	4	9	2
6	3	2	4	5	9	7	8	1
4	2	3	5	9	7	8	1	6
1	6	9	3	4	8	2	5	7
5	7	8	1	6	2	9	3	4

— সমাধানের নিয়ম —

এমন ভাবে শূন্য ঘরগুলো পূরণ করতে হবে যেন প্রতিটি সারিতে ও প্রতিটি কলমে ১ থেকে ৯ সংখ্যাগুলো মাত্র একবার থাকে।

আবহাওয়া

পূর্বাভাস: সোমবার সর্বোচ্চ ও সর্বনিম্ন তাপমাত্রা থাকবে যথাক্রমে ২৩ ডিগ্রি ও ১০ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি। **তাপমাত্রা:** রবিবার সর্বোচ্চ ও সর্বনিম্ন তাপমাত্রা ছিল যথাক্রমে ২৩ ডিগ্রি ও ১০ ডিগ্রি সেলসিয়াস। **আপেক্ষিক আর্দ্রতা:** সর্বাধিক ৬২ শতাংশ। **সূর্যোদয়:** ঘ ৬।১৮, **সূর্যাস্ত: জোয়ার:** সকাল ৮:৪৫। **ভাটা:** বিকেল ৩:২০।

বিজ্ঞপ্তি

এই পত্রিকায় প্রকাশিত কোনও বিজ্ঞাপন ও তার বিষয়ে কোনও দায়িত্ব আমরা স্বীকার করি না এবং আমাদের ওপর বর্তায়না।

-সম্পাদক

মুদ্রা বিনিময় হার

RBI REFERENCE RATE

INR/1 USD	:	64.0468
INR/1 Euro	:	76.1516
INR/100 Jap. YEN	:	58.5100
INR/1 Pound Sterling	:	82.9662

শেয়ার সূচক

BSE	31,702.25▲	(-189.98)
NIFTY	9,912.85▲	(-61.55)

শব্দলিপি- ১০৭৮

সাধন রায়

পাশাপাশি ঃ ১। কর্তৃত্ব ৩। যে পাহাড় থেকে হাতি সমতলে নামে ৬। বসন্তরোগ ৮। সমুদ্রতীর ১০। বৌদ্ধদের সর্বোচ্চ ধর্মগুরু ১২। প্রতিপত্তি ১৪। ডাকহরকরা ১৫। অস্থির

উপরনীচ ঃ ১। মুখটিয়ের সমুদ্র ২। পরিজন ৪। ঢেউ ৫। রামচন্দ্র ৭। কলঙ্ক আরোপ ৯। অলংকারে সত্যকথা ১১। সমুদ্র ১৩। ভজনা

সমাধান ঃ শব্দলিপি - ১০৭৭

পাশাপাশি ঃ ১। প্রসেক ৩। অপ্রিত ৫। ডুংগোল ৭। সচরাচর ৮। ক্যাসাবনা ৯। মাতলি ১১। দশ ১২। রঙ্গক

উপরনীচ ঃ ১। প্রতিভূ ২। বকুল ৩। অনুশোচনা ৪। চন্দনচর্চিত ৬। গোড়ায় গলদ ৭। সবব্যাপক ৯। মাজুর ১০। লিরিক

হাওড়ায় সাইকেলিং

নিজস্ব সংবাদদাতা, হাওড়া : মানুষকে সচেতন করতে ' সেভ ড্রাইভ সেফ লাইফ' এর মতো সচেতনতামূলক কর্মসূচি হয়ে গেল হাওড়ায়। হাওড়ায় চিত্রসাংবাদিক মনিরুল ইসলাম মল্লিকের উদ্যোগে আয়োজিত হয় এই সাইকেল র‍্যালি। আর এই কর্মসূচিতে সার্বিক সহযোগিতা করতে এগিয়ে এল হাওড়া সিটি পুলিশ। ডেক্যাথলন স্পোর্টস ইন্ডিয়া সাইক্লিং ক্লাব ও হাওড়া সিটি পুলিশের সহযোগিতায় এই সাইকেল র‍্যালি অনুষ্ঠিত হয় শনিবার সকালে। হাওড়া শিবপুর পুলিশ লাইন্স থেকে এদিন সকালে সাইকেল র‍্যালি শুরু হয়। উপস্থিত ছিলেন হাওড়া সিটি পুলিশের ডিসি ট্রাফিক জাফর আজমল কিবোরাই, এসিপি ট্রাফিক অশোকনাথ চট্টোপাধ্যায়, এসিপি ট্রাফিক-১ শেখরবরায়, এসিপি ট্রাফিক-২ শান্তনু কোনার প্রমুখ। সাইকেল র‍্যালি বেলুড় বাজার পর্যন্ত যায়। এরপর ফেরা তা শিবপুর পুলিশ লাইন্সে এসে শেষ হয়। মনিরুল বলেন, দুর্ঘটনা প্রতিরোধে গোটা রাজ্যেই সেফ ড্রাইভ সেভ লাইফের মতো নানা কর্মসূচি চলছে। আমরা রবিবার হাওড়ায় এই নিয়ে শিবপুর থেকে বেলুড় পর্যন্ত সাইকেল র‍্যালি করলাম। মানুষকে সচেতন করাই আমাদের লক্ষ্য।

সভা /অনুষ্ঠান

রামকৃষ্ণ মঠ (বলরাম মন্দির) আজ আলোচনায় পাঠক:স্বামী বিবেকানন্দর জন্মতিথি উৎসব। সারাদিন ব্যাপী অনুষ্ঠান হবে।

ভাগ্যলিপি

মেষ
আজ গুরুত্বপূর্ণ কাজ দ্রুত শেষ করার চেষ্টা করুন।

বৃষ
পরিস্থিতি অযথা কঠিন করে তুলবেন না। সমস্যা দ্রুত সমাধানের চেষ্টা করুন তাতে সাফল্য আসবে।

মিথুন
সন্ধ্যের পর অযথা ঝামেলাই জড়িয়ে পড়তে পারেন।

কর্কট
আপনি মনে করছেন, যে ইতিবাচক দিকে এগোতে পারছেন, বাস্তবে তা নাও হতে পারে।

সিংহ
আজ বিভিন্ন দিক থেকে ভালো খবর পাবেন। সহকর্মিরা আপানাকে সাহায্যের হাত বাড়িয়ে দেবে।

কন্যা
যোগাযোগ ক্ষেত্রের সঙ্গে যুক্ত কর্মীদের সাফল্য আসবে। মানুষ আপনার উপর আস্থা প্রকাশ করবে।

তুলা
নতুন নতুন ভাবনা আজ আপনার মাথায় আসবে তাকে বাস্তবায়িত করার চেষ্টা করুন।

বৃশ্চিক
আপনার সহ কর্মীরা আপনাকে সাহায্যের হাত বাড়িয়ে দেবে ফলে অনেক লাভবান হবেন আপনি।

ধনু
হতাশ হবেনা এগিয়ে চলার চেষ্টা করুন, সাফল্য আসতে দেরি হতে পারে।

মকর
খরচ বৃদ্ধি পাবে, পরিকল্পানা অনুসারে এগিয়ে গেলে সাফল্য আসবে।

কুম্ভ
আপনার স্বপ্ন সফল হবে আপনার ব্যবস্যায় পরিকল্পনায় সফল হতে পারে। সুনাম বৃদ্ধি পাবে।

মীন
গণেশ বলছেন, মেধা এবং উর্ধকর্তা বৃদ্ধি পাবে।

বাগনানে সাজদা আহমেদের রোড শো

নিজস্ব সংবাদদাতা, হাওড়া : হাওড়া জেলার উলুবেড়িয়া লোকসভার উপনির্বাচনে রবিবার বাগনানে খালোড় কালীবাড়ি মন্দির থেকে রোড শো'র আয়োজন হয় বাগনানের বিধায়ক অরুণাভ সেনের উপস্থিতিতে।

বাগনান কেন্দ্র তৃণমূল কংগ্রেসের নেতা কর্মীদের সঙ্গে জনসংযোগ বাড়াতে ও সমর্থন আদায়ের লক্ষ্যে এই রোড শো অনুষ্ঠিত হয়। সভায় বক্তব্য রাখেন বিধায়ক অরুণাভ ও আসন্ন উলুবেড়িয়া লোকসভা উপনির্বাচনে তৃণমূল কংগ্রেসের প্রার্থী সাজদা আহমেদ জানান, মা-মাটি-মানুষের জন্য কাজ করতে চাই। আমার স্বামী প্রায়ত প্রাক্তন সাংসদ সদস্য সুলতান আহমেদ যেভাবে কাজ করে গেছেন তাঁর অসম্পূর্ণ কাজ করতে আমাকে আপনারা সবাই মিলে নির্বাচিত করুন। বর্তমানে দেশে যেভাবে সরকার চলছে তা ভালোই জানেন আপনারা হানাহানি বিভেদের রাজনীতি চলছে।

আমাদের মা-মাটি-মানুষের জন্য জীবন উৎসর্গ করে আমাদের নেত্রী মমতা বন্দ্যোপাধ্যায় বলেছিলেন যে কোনও ধরনের বিভেদ সৃষ্টি চলবে না। ঐক্য সম্প্রীতি রক্ষায় এগিয়ে এই বিশ্ব বাংলা মিলে আমাদের সকলের এই প্রিয় পশ্চিমবঙ্গ। আপনাদের আশীর্বাদ পাথেয় করে দলের নেতা-কর্মীদের সঙ্গে নিয়ে উন্নয়নের ধারা অব্যাহত রাখতে আমাকে আপনারা নির্বাচিত করুন।

বিধায়ক অরুণাভ সেন বলেছেন, সুলতান আহমেদ আমাদের দাদার মতো ছিলেন। আমাদের বউদি তৃণমূল কংগ্রেসের প্রার্থী সাজদা আহমেদকে আপনারা বিপুল ভোটে জয়ী করুন।

জাল নোট পাচারচক্রের এক পান্ডাকে গ্রেফতার

নিজস্ব সংবাদদাতা, সুতি : জালনোট পাচারচক্রের এক পান্ডাকে গ্রেফতার করল সুতি থানার পুলিশ।শনিবার রাতে সুতি থানা এলাকা থেকে গ্রেফতার করা হয়।তার কাছ থেকে উদ্ধার হয়েছে আট লাখ টাকার জাল নোট। সবগুলিই দু'হাজার টাকার নোট। ধৃতের নাম রাকিবুল শেখ। বাড়ি বাংলাদেশের চাপাই নবাবগঞ্জে। সুতি থানার ওসি বিশ্বরঞ্জ চট্টরাজ বলেন, রাকিবুল শেখকে রবিবার জঙ্গিপুর মহকুমা আদালতে পেশ করা হবে। এই চক্রের সঙ্গে জড়িতদের ধরতে রাকিবুলকে পাঁচদিনের হেফাজতে নেওয়ার আবেদন জানানো হয়েছে। পাচারচক্র রুখতে তৎপর পুলিশ। পুলিশ কখনওসখনও দু'একজন পাচারকারীকে গ্রেফতার করতে পারলেও অধিকাংশসময় পুলিশও সীমান্তরক্ষী বাহিনীর চোখে ধুলো দিয়ে জাল নোট পাচারকারীরা এদেশে ঢুকে পড়ছে। শনিবার রাতে বিশেষ সূত্রে খবর পেয়ে সুতি থানার পুলিশ রাকিবুল শেখকে গ্রেফতার করে। তার কাছ থেকে উদ্ধার হয় আট লাখ টাকার জালনোট। নোটগুলি বাংলাদেশে তৈরি বলেই প্রাথমিক তদন্তে জানা গেছে। পুলিশের জেরায় রাকিবুল শেখ স্বীকার করেছে যে, নোটগুলি সেবাড়খণ্ডে পাচার করত।

হনুমানের মৃত্যুতে ভূরিভোজ

নিজস্ব সংবাদদাতা, বাদুড়িয়া : হনুমানের মৃত্যুতে গ্রামের লোক রীতিমতো আমন্ত্রণে জানিয়ে সারা হল ভূরি ভোজ।রবিবার উত্তর ২৪ পরগনা জেলার বাদুড়িয়ার খোরগাছি গ্রামে এই ভূরিভোজের আয়োজন করা হয়।নতুন বছরের প্রথম দিনই প্রচণ্ড শীতের প্রকোপ এবং বার্ধক্যজনিত কারণে মারা যায় এলাকার একটি হনুমান। হনুমানটিকে দীর্ঘদিন ধরে এলাকায় ঘুরে বেড়াতো বলে জানান স্থানীয় বাসিন্দারা। স্থানীয় মানুষজন আদর করে হনুমানটি খাওয়াতেন। সেই হনুমানের মৃত্যুতে এলাকায় রীতিমতো শোকের ছায়া নেমে আসে। গত ১ জানুয়ারি হনুমানটির মৃত্যুর পর খোরগাছি গ্রামের বাসিন্দারা সকলে মিলে শোক মিছিল করে হনুমানটিকে সমাধিস্থ করেন। এরপর সেই সমাধির উপর একটি মন্দির নির্মাণের কাজও শুরু করেন তারা। এরপর স্থানীয় গ্রামবাসীরা নিজেদের অর্থে গত ৩ জানুয়ারি হনুমানটির শ্রাদ্ধের কাজ সম্পন্ন করেন। এরপর রবিবার খাওয়া দাওয়ার ব্যবস্থা করা হয়। আশে পাশের প্রায় চার পাঁচটি গ্রামের বাসিন্দাদের নিমন্ত্রন করে এই খাওয়া দাওয়ার আয়োজন করা হয়। প্রায় ৫০০ এর উপর মানুষ এই ভূরিভোজে আমন্ত্রিত ছিলেন। রবিবার দুপুরে খিচুড়ি, আলুর দম, বাঁধাকপির তরকারি, শেষ পাতে বোঁদে ও কলা দিয়ে সারা হয় আমন্ত্রিতদের ভূরিভোজ। এমনকী সন্ধ্যায় আয়োজন করা হয় কীর্তনের। স্থানীয় সূত্রে জানা যায়, গত কয়েক বছর ধরে এলাকার গাছে গাছে ঘুরে বেড়াতো হনুমানটি। কারও তেমন কোনও ক্ষয়ক্ষতি করত না। পাড়ার বাসিন্দারাই তাকে ফলমূল খেতে দিত। ধীরে ধীরে এলাকার মানুষের কাছে অত্যন্ত প্রিয় হয়ে পড়ে হনুমানটি। লোকে আদর করে মহাবীর বলে ডাকত হনুমানটিকে। গত ১ জানুয়ারি গাছ থেকে মাটিতে পড়ে যায় হনুমানটি। অনেক সেবা যত্ন করেও হনুমানটিকে বাঁচাতে পারেন নি এলাকার মানুষ। শোকস্তব্ধ হয়ে পড়েন তারা। এলাকার বাসিন্দারা তাকে স্থানীয় ইছামতী নদীর তীরে মাটিতে গর্ত খুঁড়ে সেখানে সমাধিস্থ করেন। এরপর সেই সমাধিস্থলে হনুমান মন্দির নির্মাণেরও সিদ্ধান্ত নেন তারা।

আনুষ্ঠানিকভাবে উদ্বোধন হল ২০১৮ সাগর মেলার

নিজস্ব সংবাদদাতা, কাকদ্বীপ : আনুষ্ঠানিকভাবে উদ্বোধন হল ২০১৮ সাগর মেলার। উদ্বোধন করেন জনস্বাস্থ্য কারিগরি দফতরের মন্ত্রী সুব্রত মুখোপাধ্যায়।

উপস্থিত ছিলেন সুন্দরবন উন্নয়ন মন্ত্রী মন্টুরাম পাখিরা, সংখ্যালঘু দফতরের মন্ত্রী গিয়াসুদ্দিন মোল্লা, জেলা সভাধিপতি শামিমা শেখ, সাগরের বিধায়ক বঙ্কিমচন্দ্র হাজরা। অতিরিক্ত মুখ্য সচিব সৌরভ দাস সহ দফতরের অন্যান্য আধিকারিকরা বৃন্দ। তিনি বলেন, বাংলার মুখমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের উদ্যোগে সাগর মেলা আজ অনেক উন্নত। মন্দির থেকে শুরু করে সমস্ত পরিবেশ আজ সুন্দর হয়েছে। কলকাতা শহরের মত আলো ঝলমলে হয়ে উঠেছে মেলার পরিবেশ। আগামী ১৪ জানুয়ারি ভোরে মকর সংক্রান্তির পুণ্যস্নান। প্রায় ২০ লক্ষ মানুষ সাগরে পুণ্যস্নানে অংশ নেবেন।

নিমদিঘিতে কংগ্রেসের নির্বাচনী প্রচার

নিজস্ব সংবাদদাতা, হাওড়া : হাওড়া জেলার উলুবেড়িয়া থানার নিদিষ্টে উলুবেড়িয়া লোকসভার উপনির্বাচনে কংগ্রেসের তরুণ প্রার্থী চেঙ্গাইলের সমাজকর্মী মোদাস্সর হোসেন ওয়ারিশ রবিবার জনতা জনার্দনের কাছে ১৩৩ বছরের কংগ্রেসের সুদীর্ঘ ইতিহাস তুলে ধরে ভোট দেওয়ার আহ্বান জানিয়ে সাড়া ফেলেন।

এলাকার মানুষদের মধ্যে উপস্থিত নেতা-কর্মীদের সঙ্গে নিয়ে দলের পক্ষ থেকে ভালোই সাড়া জাগিয়েছেন, তিনি এদিন। ওয়ারশি বলেন, অনেক অনেক শুভেচ্ছ। সকলে ভালোই থাকুন এই কামনা করি। কেন্দ্রীয় সরকারের ও রাজ্য সরকারের প্রতি অনাস্থা প্রকাশ করে তিনি বলেন দেশে এখন সাম্প্রদায়িক শক্তির বিরুদ্ধে সকলকে ঐক্যবদ্ধ হতে হবে।

তিনি আহ্বান জানান,রাজ্যের মুখ্যমন্ত্রী ও তার দলের নেতা-কর্মী-সমর্থকরা গোষ্ঠী রাজনীতি করছে। চক্রী তৃণমূল নেতা-কর্মীদের পাত্তা না দিয়ে আমাকে সমর্থন করুন। কারণ তোলাবাজ দাঙ্গাবাজ পুলিশ রাজ কায়েম হয়েছে এখানে। আমাদের দলের নেতা-কর্মীদের ও যারাই এই সরকারের বিরুদ্ধাচারণ করছে চক্রী তৃণমূল নেতারা তাদের নামে বাজে মন্তব্য ও পুলিশ অফিসার ও যোগসাজশে মিথ্যা মামলা দিয়ে জব্দ করার চেষ্টা করছে। কেউই সুখ-শান্তি তে নেই। আমার চেয়ে ভুক্ত ভোগী আপামর জনতা জর্নাদন ভালোই জানেন।

পৌষকালী উপলক্ষে রক্তদান শিবির

নিজস্ব সংবাদদাতা : উত্তর কলকাতার সমাজসেবী সংগঠন বাগবাজার এলাকার 'প্রয়াস'-র উদ্যোগে রবিবার মারাঠা ডিচ লেনে রক্তদান ও স্বাস্থ্য শিবিরের আয়োজন করা হয়। উপস্থিত ছিলেন সাংবাদিক কমল ভট্টাচার্য, সলিল চ্যাটার্জী, ডাঃ গৌতম দাস, নিমাই পাল, সাংবাদিক সঞ্জয় সিংহ, সভাপতি অভিজিৎ চৌধুরি, কান্তম মুখার্জী, অমিত দাস, সজয় মোহান্ত ও রণজিৎ চট্টোপাধ্যায়। এ শিবিরে ২৬০ জন রক্তদান করেন এবং ১০০ জন স্বাস্থ্য পরীক্ষা করেন। এই সংস্থার কাজ কর্ম শুধু পৌষকালী পুজোয় সীমাবদ্ধ থাকে না। সারা বছর সামাজিক কাজে নিয়োজিত। এবং চক্ষু পরীক্ষা, ইসিজি, সুগার, ব্লাড প্রেসার সহ বিভিন্ন পরীক্ষার ব্যবস্থা করে। এদের প্রাথমিক শিক্ষার ব্যবস্থা আছে। পুজোয় ও শীতের বস্ত্র, কম্বল বিতরণ এবং চশমা বিতরণ এবং সামাজিক কাজ করে। মিড-ডে মিলের ব্যবস্থা আছে।

৫০ লাখ টাকার হেরোইন সহ দুই পাচারকারীকে গ্রেফতার

নিজস্ব সংবাদদাতা, সামশেরগঞ্জ : প্রায় ৫০ লাখ টাকার হেরোইন সহ দুই পাচারকারীকে গ্রেফতার করল পুলিশ। শনিবার গভীর রাতে ওই দু'জনকে ধুলিয়ান সিজি প্যাটেল মোড় থেকে গ্রেফতার করা হয়। তাদের কাছ থেকে উদ্ধার হয়েছে ৪৭৫ গ্রাম হেরোইন। ধৃতদের নাম আনিকুল শেখ ও সাইবুর শেখ। দু'জনেরই বাড়ি লালগোলা থানা এলাকায়। তারা বড় চক্রের সঙ্গে জড়িত বলে প্রাথমিক জিজ্ঞাসাবাদের পর পুলিশ জানতে পেরেছে।

শনিবার রাতে সূত্রে খবর পেয়ে ধুলিয়ান বাজারে যায় পুলিশ। রাত সাড়ে ১০টা নাগাদ ওই দু'জন সিজি প্যাটেল মোড়ে আসতেই পুলিশ তাদের পাকড়াও করে। দু'জনের কাছ থেকে প্রায় ৫০ লাখ টাকার হেরোইন উদ্ধার করা হয়।সামশেরগঞ্জ থানার পুলিশ জানিয়েছে, লালগোলা থেকে হেরোইন এনে সামশেরগঞ্জে পাচার করতে এসেছিল। পাচারচক্রের সঙ্গে আন্তরাজ্য চক্র জড়িত বলে অনুমান পুলিশের।